# যীশু সত্তর জন সুসমাচার প্রচারককে প্রেরণ করেছিলেন

অন্যান্য জায়গায় গিয়ে শিষ্য তৈরী করার গুরুত্ব শিশুদের শিক্ষা দিন।



**প্রার্থনা ঃ** ''হে প্রভু, আমাদেরকে তোমার সুসমাচারকে সেই সমস্ত জায়গায় বহন করতে সাহায্য কর, যেখানকার লোকেরা এখনো পর্যন্ত জানেনা যে যীশু তাদের পাপসমূহের ক্ষমা করতে এবং তাদের জীবন আনন্দে ভরিয়ে দিতে পারেন।''

এমন কার্যকলাপসমূহ বেছে নিন যা শিশুদের বয়স এবং প্রয়োজনের সাথে মানান সই হবে।

স্বর্গরাজ্যের বিষয় ঘোষনা করার জন্যে যীশু কিভাবে সত্তর জন শিষ্যকে প্রেরণ করেছিলেন সে বিষয়ে **লূক ১০ঃ১-২০** অংশটি পাঠ করুন। এই পাঠ্যাংশটি দেখায় যে সুসমাচার যাতে জগতের সমস্ত জাতীর কাছে পৌঁছায় সেজন্য যীশু কিরূপে ছোট ছোট দল গঠন করে তাদেরকে প্রশিক্ষণ দিয়েছিলেন।

একজন শিক্ষক অথবা বড় শিশুকে **লূক ১০ঃ১-২০** অংশটি থেকে গল্পটির অবতারনা করতে দিন।

এই প্রশ্নগুলি জিজ্ঞাসা কর (প্রতি প্রশ্নের পর পদের সংখ্যাসহ উত্তর দেওয়া হল)

- প্রতিটি দলে কতজন করে কর্মী গিয়েছিল? (১ পদ, তিনি দুইজন করে পাঠিয়েছিলেন)
- কিসের জন্য তারা সর্বপ্রথমে প্রার্থনা করেছিল? (২ পদ)
- তারা কি নম্রভাবে না লড়াই করার মনোভাব নিয়ে রওনা হয়েছিল? (৩ পদ)
- তাদের সঙ্গে তারা কতটা সরঞ্জাম নিয়ে গিয়েছিল? (৪ পদ। পার্থিব বস্তুসামগ্রীর উপর নির্ভর না করে বরঞ্চ ঈশ্বরের উপর আস্থা স্থাপন করে তারা যেন যত কম সম্ভব জিনিষপত্র নিয়ে গমন করে। এটাই যীশু চেয়েছিলেন।)
- তাদের যাত্রাপথে তারা কি তাদের বন্ধুবান্ধবদের সাথে দেখা করার জন্য থেমেছিল? (৪ পদ)
- যে ব্যক্তি শান্তির সাথে নিজ গৃহে অভ্যর্থনা করেছিল তার গৃহেই কি তারা থাকতে শুরু করেছিল? (৫-৮)
- লোকদেরকে পরিদর্শন কালে কোন্ দুইটি কার্যকলাপ তারা করেছিল? (৯ পদ)
- যে সমস্ত জায়গায় লোকেরা সুসমাচার প্রত্যাখ্যান করবে সে সমস্ত জায়গার প্রতি যীশু কি করতে আজ্ঞা দিয়েছিলেন? (১০-১১ পদ)
- শিষ্যরা যখন খ্রীষ্টের প্রতি বাধ্যতা প্রদর্শন করেছিল তখন শয়তানের ক্ষমতার প্রতি কি ঘটেছিল? (১৮ পদ)
- মন্দ আত্মাদের বশীভূত করার থেকেও কোন্ বিষয়টিকে যীশু বলেছিলেন যে বেশী গুরুত্বপূর্ণ? (২০ পদ)

সত্তর জন প্রচারকের গল্পটির কিছু অংশ নাটক আকারে প্রস্তুত কর। প্রধান আরাধনাকারী নেতাদের সহযোগে শিশুদের জন্য এই নাটকটি উপস্থাপনের ব্যবস্থা করুন। বড় শিশুদেরকে ছোটদের প্রস্তুতি নিতে সাহায্য করতে দিন।

- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের যীশু, শত্রু ও বিবৃতিকারের ভূমিকায় অংশগুলিতে অভিনয় করতে দিন। সব থেকে ভালো হয় যদি কোনও প্রাপ্ত বয়স্ক শত্রুর ভূমিকায় পাঠ করে।
- ছোট শিশুদের প্রচারক এবং লোকদের ভূমিকায় পাঠ করতে দিন।

**বিবৃতিকার ঃ** লূক ১০ঃ১-১৬ অংশ থেকে গল্পের প্রথম ভাগটি পাঠ করবে। এরপর বলবে, ''শিষ্যরা ঈশ্বরের কাছে কার্যকরীদের প্রেরনের ব্যাপারে যাঞ্চা করার পর, যীশু তাদেরকে কি বলছেন তা শুনুন।''

**যীশু ঃ** ''দুইজনের দলে ভাগ হয়ে যাও, কিন্তু সাবধান কেন্দুয়াদের মধ্যে যেমন মেষরা ঠিক তেমনভাবেই আমি তোমাদের প্রেরণ করছি। সুসমাচারকে অন্যদের কাছে বল। অসুস্থকে সুস্থ কর। প্রতি নগরে গিয়ে বল যে, আমি শীঘ্রই আসছি। কারণ ঈশ্বরের রাজ্য সন্নিকট।''

**শিষ্যগণ ঃ** ''আমাদের সাথে আমরা কি কি বহন করবো?''

**যীশু ঃ** ''যতটা কম সম্ভব হয় ততটাই বহন কর। যাওয়ার পথে কারোর সাথে দেখা করে সময় ব্যয় করো না। কারণ তাড়াতাড়ি সুসমাচার পৌঁছানো খুবই জরুরী।''

**শিষ্যগণ ঃ** ''আমরা কোথায় থাকবো?''

**যীশু ঃ** ''একজন শান্তির সন্তানকে খুঁজে বের করবে। আর উক্ত নগরে যতকাল থাকবে ততদিন তার গৃহে বাস করবে। তার গৃহেই বাস করবে। তার গৃহেই আহার গ্রহণ করবে।''

**শিষ্যগণ ঃ** ''যদি লোকেরা আমাদেরকে প্রত্যাখ্যান করে তবে কি করবো ?''

**যীশু ঃ** ''তোমরা সুসমাচার পরিষ্কার ভাবে বুঝিয়ে দেবার পরও যদি তারা তোমাদের প্রত্যাখান করে তবে অন্য জায়গায় চলে যাবে।''

**শিষ্যগণ ঃ** দুইজনের দলে ভাগ হয়ে রওনা দেবে এবং এরূপ কিছু বলবে যেমন, ''সুসমাচার শ্রবণ কর। এটা আমাদের জীবনকে পরিবর্তন করে!'' ''যীশুর নামে সুস্থ হও,'' ''আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে, ঈশ্বরের ক্ষমাশীলতা গ্রহণ কর!''

**শত্রু ঃ** ''আমি হলাম শত্রু!'' ''আমি সমস্ত লোকদের ঘৃণা করি!''

এরপর শিষ্যদের অনুসরণ করবে এবং নিজের এই কথাগুলি বলবে,

''দুইজনের দলে ভাগ হয়ে তোমরা যেওনা। সবাই মিলে একত্রে একটি বৃহৎ দল তৈরী করে থাক, আর এটাতে তোমরা নিরাপদে থাকতে পারবে!''

''তোমাদের সাথে প্রচুর সামগ্রী বহন কর। যাতে তা দেখে লোকেরা খুশী হয়!''

''প্রচুর পরিমানে খাদ্য সামগ্রী নিজেদের সাথে রাখো ?''

''যাওয়ার পথে তোমাদের কোনও বন্ধুর বাড়ি পড়লে সেখানে দর্শন দাও।''

''কোনও একজনের ঘরে বেশীদিন থেকোনা। এমন ঘর খুঁজে বের কর, যেখানে উত্তম আহার সামগ্রী পাওয়া যাবে!''

''যদি তারা তোমার বাক্যকে প্রত্যাখান করে তবে হাল ছেড়ে দেবেনা। তা গ্রহণ করতে তাদেরকে অনবরত প্রচেষ্টা চালিয়ে যাও!''

''যারা ইতিমধ্যেই শুনেছে তাদের কাছে আবার দ্বিতীয় বারের জন্য প্রচার করাটা তাদের পক্ষে স্বাস্থ্যকর নয়। সেজন্য সুসমাচার পুস্তিকাগুলি প্রতিটা নগরের গৃহগুলির দরজার পাশে রেখে দেওয়াটাই উত্তম!''

**শিষ্যগণ ঃ** শত্রু যখন উপরোক্ত উক্তিগুলি করছে তখন শিষ্যেরা সেই সমস্ত বিপরীত নির্দেশাবলী সমূহ উক্ত করবে যা যীশু বলেছিলেন।

**বিবৃতিকার ঃ** লূক ১৩ঃ১৭-২৩ অংশটি থেকে গল্পের দ্বিতীয় ভাগটি বলবে। এরপর বলবে, ''ফিরে আসার পর শিষ্যেরা যীশুকে কি বলছে তা শুনুন।''

**শিষ্যগণ ঃ** ''প্রভু যীশু, আজ আমরা খুবই আনন্দিত!'' ''সত্যি আপনার নাম খুবই পরাক্রমকারী!'' ''আর আমরা আপনার সেই ক্ষমতাকে ব্যবহারের দ্বারা লোকদেরকে সুস্থ করেছি!'' আমাদেরকে আপনার সেই ক্ষমতা প্রদান করার জন্য আপনাকে ধন্যবাদ!'' শুধু তাই নয়, আমরা মন্দ আত্মাদেরও বশবর্তী করতে সমর্থ হয়েছিলাম!''

**যীশু ঃ** ''ক্ষমতাবান হয়েছো বলে নয়। কিন্তু আনন্দিত হও এই জন্য যে তোমাদের নাম স্বর্গে লিখিত হয়েছে!''

(প্রার্থনা কর) ''স্বর্গীয় পিতা, তোমাকে ধন্যবাদ দিই যে শিশুর মত যারা দুর্বল, তাদের মাধ্যমে তুমি কার্য করেছো। তুমি যেমন আমাকে আজ্ঞা করেছিলে সেইমত আমি আমার ক্ষমতা এবং সত্যকে তাদেরকে দিয়ে দিয়েছি।''

**বিবৃতিকার ঃ** যারা সাহায্য করেছো তাদের প্রত্যেককে ধন্যবাদ জ্ঞাপন করবে।

**প্রশ্নসমূহ ঃ** শিশুরা যদি প্রাপ্ত বয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে ১ম পৃষ্ঠায় দত্ত প্রশ্নগুলিকে প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করতে দিন।

দুজন ব্যক্তি রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছে এরকম একটি সাধারণ ছবি শিশুদেরকে আঁকতে দিন। শিশুদেরকে তা নকল করতে দিন। এবার সেই ছবিগুলিকে শিশুরা পরবর্তী আরাধনার সময়ে প্রাপ্ত বয়স্কদের দেখিয়ে বলবে যে, আমরা কিভাবে অন্যান্য জায়গার লোকদের মধ্যে যীশুর সুসমাচার নিয়ে যাই তা এই ছবিগুলি প্রকাশ করে।

আমরা কিভাবে লোকদেরকে যীশুর প্রতি বাধ্য হবার জন্য শিক্ষা দিই তা আলোচনা কর।

**কবিতা ঃ** দুজন শিশুর প্রত্যেককে যিশাইয় ৫২ঃ৭-৮ অংশ থেকে এক একটি পদ আবৃত্তি করতে দিন।

অথবা চারজন শিশুর প্রত্যেককে যিশাইয় ৫২ঃ৭-১০ অংশের এক একটি পদ আবৃত্তি করবে।

লূক ১০ঃ২ অথবা একই অধ্যায়ের অন্যান্য বাক্যগুলি যা যীশু উক্ত করেছিলেন সেগুলিকে নিয়ে বড় শিশুদের কবিতা অথবা গান লিখতে দিন।

**মুখস্থ পদ** - মার্ক ১ঃ১৫

**প্রার্থনা ঃ** ''হে পিতা, অন্য লোকদের মধ্যে সুসমাচার বহন করে নিয়ে যেতে আমাদের সাহায্য কর। জগতীস্থ বিষয়গুলির দ্বারা আমরা যাতে প্রলোভিত হয়ে তোমার থেকে সরে না যাই, সে জন্য আমাদের রক্ষা কর। যীশুর শিষ্যদের উদাহরণকে অনুসরণ করতে আমাদের সাহায্য কর। তাদের মত আমরাও তোমার নামের মহিমা আনয়ন করি।''

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net